দৈনিক সংবাদ

তারিখ ··2·6 APR 1994
পৃষ্ঠা ৭ কলাম ৩

51

### লিয়াজোঁ কমিটির সিদ্ধান্ত

## এসএসসি পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন কাড ও প্রবেশপত্র নিতে পারবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

বেসরকারী হাইস্কুলে শিক্ষক-কর্মচারীদের ধর্মঘট সত্ত্বেও আসন্ন এসএসসি পরীক্ষার্থীরা তাদের প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড নির্বিঘ্নে সংগ্রহ করতে পারবে। গতকাল সোমবার কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির এক সভায় গৃহীত সিদ্ধান্তে বলা হয়, পরীক্ষার্থীদের প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড প্রদানে ধর্মঘটী শিক্ষকদের কোন আপত্তি নেই।

লিয়াজোঁ কমিটির সমন্বয়কারী কাজী ফারুক আহমেদ জানিয়েছেন, বেসরকারী শিক্ষকরা এসএসসি পরীক্ষা বর্জন করলেও প্রতিহত করবে না। উল্লেখ্য, ১৯৮৬ সালে শিক্ষকদের অনুরূপ ধর্মঘটের সময় পরীক্ষা বর্জন ও প্রতিহত করা হয়েছিল।